

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০০৬.১৭./৪০০

২৭ আষাঢ় ১৪২৪
১১ জুলাই ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

বিষয়: একুশে পদক ২০১৮

একুশে পদক প্রদান সংক্রান্ত নীতিমালা অনুযায়ী অন্যান্য বছরের ন্যায় ২০১৮ সালে সরকার কর্তৃক ভাষা আন্দোলন, শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারণকলাসহ সকল ক্ষেত্র), মুক্তিযুদ্ধ, সাংবাদিকতা, গবেষণা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, অর্থনীতি, সমাজসেবা, রাজনীতি, ভাষা ও সাহিত্য এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে প্রশংসনীয় ও গৌরবোজ্জ্বল অবদানের স্বীকৃতিস্বরূপ ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থাকে একুশে পদক প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ লক্ষ্যে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা, সকল পাবলিক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, সকল জেলা প্রশাসক এবং স্বাধীনতা পদক/একুশে পদকে ভূষিত সুধীবৃন্দকে আগামী ০২ অক্টোবর, ২০১৭ এর মধ্যে মনোনয়ন/প্রস্তাব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানানো যাচ্ছে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী ও একুশে পদক নীতিমালা এবং মনোনয়ন প্রস্তাবের ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

ওয়েব সাইট: • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় www.moca.gov.bd
• তথ্য মন্ত্রণালয় www.moi.gov.bd

সাবরীনা
সাবরীনা রহমান ১১.০৭.২০১৭
সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৬০

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০০৬.১৭.

২৭ আষাঢ় ১৪২৪

১১ জুলাই ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তিটি জাতীয় সংবাদ পত্রসমূহ/বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার এবং সকল বেসরকারি টিভি চ্যানেল/বেতারে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো।

- ১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক,

অনুলিপি (কার্যার্থে):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

✓ ৪। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সংবাদ বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।

সাবরীনা
সাবরীনা রহমান ১১.০৭.২০১৭
সহকারী সচিব